

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৮০

পর্ব ২১: খাদ্য (ইয়ানু)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ خَيَّاطًا دَعَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِطَعَامٍ صَنَعَهُ فَذَهَبْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَّبَ خُبْزَ شَعِيرٍ وَمَرَقًا فِيهِ دُبَّاءُ وَقَدِيدٌ فَرَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَتَبَّعُ الدَّبَاءَ مِنْ حَوَالَي الْقَصْعَةِ فَلَمْ أَزَلْ أُحِبُّ الدباءَ بعد يومِئذٍ عَلَيْهِ وَسَلَّمَ يَتَتَبَّعُ الدَّبَاءَ مِنْ حَوَالَي الْقَصْعَةِ فَلَمْ أَزَلْ أُحِبُّ الدباءَ بعد يومِئذٍ

বাংলা

8১৮০-[২২] আনাস (রাঃ) হতে বর্ণিত। একদিন এক দরজি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে খাবার দা'ওয়াত করল, যা সে প্রস্তুত করেছিল। সুতরাং আমিও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে গেলাম। সে যবের রুটি ও ঝোলবিশিষ্ট তরকারী উপস্থিত করল, তার মধ্যে ছিল কদু ও মাংসের শুটকি। তখন আমি দেখলাম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাটির আশপাশ হতে কদু খুঁজে নিচ্ছেন। ফলে সেদিন হতে আমিও সর্বদা কদু খাওয়া পছন্দ করতে লাগলাম। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ২০৯২, ৫৩৭৯, ৫৪২০, ৫৪৩৫; মুসলিম (২০৪১)-১৪৪, আবূ দাউদ ৩৭৮২, মুওয়াত্ত্বা মালিক ২০১০, নাসায়ী আল কুবরা ৬৬৬২, দারিমী ২০৫০, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৫০১৬, মুসনাদে আহমাদ ১৩১৪২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَنَّ خَيًّا طًّ لَ كَعَا النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِطَعَامٍ صَنَعَهُ) "একজন দর্জি খাদ্য তৈরি করে তা খাবার জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দা'ওয়াত করলেন, ঐ দর্জি ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সেবক ছিল। তাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সন্তুষ্টি অর্জনের লক্ষেয খাবার তৈরি করে তা খেতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দা'ওয়াত দিয়েছিল।



(فِيهِ دُبَّاءٌ وَقَدِيدٌ) "এ খাদ্যে কদু ও গোশতের শুটকি ছিল।" قَدِيدٌ বলা হয় এ গোশতকে যাতে লবণ মিশ্রণ করে রৌদ্রে শুকানো হয়ে থাকে।

(فَرَأَيْتُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَبَعُ الرَّبَاءَ مِنْ حَوَالِى الْقَصْعَةِ) "আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে পাত্রের বিভিন্ন প্রান্ত থেকে কদু সংগ্রহ করতে দেখলাম।" অত্র হাদীসে এ প্রমাণ পাওয়া যায় যে, পাত্রে যদি বিভিন্ন ধরনের খাবার থাকে তাহলে অন্য দিক থেকে ও পছন্দমত খাবার সংগ্রহ করা যায়। এটা ঐ হাদীসের বিরোধী নয় যাতে বলা হয়েছে "তোমার কাছে থেকে খাও"। এতে এও প্রমাণিত হয় দর্জির উপার্জন নিম্নমানের নয়। ভদ্র ব্যক্তি পেশায় তার নিম্নমানের ব্যক্তির তৈরি খাবার খেতে পারে।

(فَلَمْ أَزَلْ أُحِبُّ الدُّبَاءَ بَعْدَ يَوْمِئِذٍ) "ঐ দিনের পর থেকে আমি কদু পছন্দ করি"। হাদীসের এ অংশ প্রমাণ করে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে খাবার পছন্দ করতেন তা পছন্দ করা সুন্নাতের অন্তর্ভুক্ত।

(মিরক্লাতুল মাফাতীহ; ফাতহুল বারী ৯ম খন্ড, হাঃ ৫৩৭৯; শারহুন নাবাবী ১৩শ খন্ড, ২০৪১/১৪৪; 'আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৭৭৮; তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৮৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন